# পঞ্চম উপজেলা পরিষদের ৪৯ তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আব্দুল মোমিন চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ, কানাইঘাট
তারিখ : ১২ জুন ২০২৩
সময় : সকাল ১০.০০ ঘটিকা

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা ; পরিশিষ্ট "ক এবং খ"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | শোক প্রস্তাব | আলোচনাকালে মেয়র, কানাইঘাট পৌরসভা সভায় জানান যে, জনাব হোসনে আরা বেগম, সহকারী শিক্ষক, কালিনগর সরকারি প্রাথমিক বিদ্যালয় ও জনাব মো: মানিক উদ্দিন, সহকারী শিক্ষক নিজ বাউর ভাগ পশ্চিম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক এর অকাল মৃত্যুতে শোক প্রস্তাব গ্রহণের প্রস্তাব করেন। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | জনাব হোসনে আরা বেগম, সহকারী শিক্ষক, কালিনগর সরকারি প্রাথমিক বিদ্যালয় ও জনাব মো: মানিক উদ্দিন, সহকারী শিক্ষক নিজ বাউর ভাগ পশ্চিম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক এর অকাল মৃত্যুতে শোক প্রস্তাব গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৩ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা, কানাইঘাট, সিলেট |
| ০৪ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলার অন্তর্গত কিছু সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাঠ রয়েছে যা অতি অল্প বৃষ্টিতে মাঠে মধ্যে পানি উঠে যাওয়ার কারণে ছাত্র-ছাত্রীদের খুবই কষ্ট হয়ে থাকে। তাই জরুরী ভিত্তিতে উক্ত বিদ্যালয়গুলোর মাঠ ভরাট করা প্রয়োজন।<br>নিম্নে বিদ্যালয়গুলোর নাম উল্লেখ করা হলো :-<br>০১. বড়বন্দ সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>০২. গোরকপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>০৩. নিজ গাছবাড়ী প্রাথমিক বিদ্যালয়<br>০৪. ডালাইচর সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>০৫. টিলাবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয় | অত্র উপজেলার অন্তর্গত উল্লেখিত সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর মাঠ ভরাট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, মাধ্যমিক শিক্ষার গুণগত মনোন্নয়নের | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | লক্ষ্যে নিয়মিত নিবিড় পরিদর্শনসহ বিভাগের সকল কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | | কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| [illegible] | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)/২০২২-২৩ এর আওতায় অনুমোদিত পিআইসি প্রকল্পগুলোর কাজ এবং ঠিকাদারদের মাধ্যমে কাজগুলো সমাপ্ত করা হয়েছে এবং কাজগুলো তদারকি করে বিল প্রস্তুত করা হচ্ছে বলে সভাকে অবহিত করেন।<br>খ) উপজেলা প্রকৌশলী সভায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ৮ জুন ২০২৩ ইং তারিখে প্রকাশ্য নিলাম সংক্রান্ত উপজেলা কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে কানাইঘাট মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের লে-আউটে একটি পুরাতন মসজিদ ভাঙ্গা ও অপসারণের জন্য ৮,৫৯,৮৩১ (আট লক্ষ উনষাট হাজার আটশত একত্রিশ) টাকার প্রাক্কলন সভার অনুমোদনের জন্য উপস্থাপন করেন। তিনি বলেন, উক্ত প্রাক্কলনটি হলে অনুমোদন হলে পরবর্তীতে জেলা কনডেমনেশন কমিটির নিকট প্রেরণ করতে হবে। সভায় উপস্থাপিত প্রাক্কলন (নির্ধারিত মূল্য) সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) চেয়ারম্যান, ০৪ নং সাঁতবাক ইউনিয়ন পরিষদ জানান যে, সাঁতবাক ইউনিয়নের অর্ন্তগত লক্ষীনাটি হতে লোভারমুখ রাস্তা ভাঙ্গার কারণে ঐ রাস্তা দিয়ে যানবাহন চলাচল ও এলাকার লোকজন চলাফেরা করা খুবই কষ্টকর হয়ে পড়েছে। বিধায় জরুরিভিত্তিতে উক্ত রাস্তাটি মেরামতের উদ্যোগ গ্রহণের জন্য সভায় উপজেলা প্রকৌশলী, কানাইঘাট-কে অনুরোধ করা হয়। | ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)/২০২২-২৩ এর আওতায় অনুমোদিত প্রকল্পগুলোর কাজ তদারকি করে বিল ছাড়করণ করতে হবে।<br>খ) কানাইঘাট মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের লে-আউটে পুরাতন মসজিদ ভাঙ্গা/ অপসারণের লক্ষ্যে প্রস্তুতকৃত প্রাক্কলন (নির্ধারিত মূল্য) মোতাবেক নিলামের মাধ্যমে বিক্রয়ের লক্ষ্যে অনুমোদনের জন্য প্রস্তাবটি জেলা কনডেমনেশন কমিটির নিকট প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>গ) সাঁতবাক ইউনিয়নের অর্ন্তগত লক্ষীনাটি হতে লোভারমুখ রাস্তা দ্রুত মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |
| ০৮ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, আসন্ন মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় অত্র উপজেলার ৮৫০ জন কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হবে এবং তালিকার কাজ চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৯ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ০১। মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ এবং মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ বিধিমালা -১৯৮৫ অনুযায়ী :-<br>ক) নদী-নালা, খাল-বিল স্থায়ী স্থাপনা স্থিরকৃত জাল,বাঁধা জাল,কাঁথা জাল,চট জাল,বেল জাল, বেড় জাল, মশারী জাল,টানা জাল, জগৎ বেড় জাল, চায়না দুয়ারী জাল বা রিংজাল দিয়ে প্রাকৃতিক জলাশয়ে মাছধরা বা আহরণ করা সম্পূর্ণ নিষিদ্ধ।<br>খ) কারেন্ট জাল তৈরি,আমদানী, বাজারজাতকরণ মজুদ, পরিবহন,বিক্রয় ও ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।<br>গ) এপ্রিল থেকে আগস্ট মাস পর্যন্ত মা ও ডিমওয়ালা মাছ শোল, টাকি,গজার ও অন্যান্য দেশী মাছের পোনা ধরা, ক্রয় বিক্রয় পরিবহন ইত্যাদি সম্পূর্ণ নিষিদ্ধ। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ০২। মৎস্য অধিদপ্তর,বাংলাদেশ,ঢাকা কর্তৃক প্রকৃত জেলেদের প্রদানের নিমিত্তে উপজেলা মৎস্য অধিদপ্তর কর্তৃক জেলেদের FID CARD প্রদানের নিমিত্তে উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, কানাইঘাট,সিলেট- এ জেলে নিবন্ধন কার্যক্রমে সঠিক জেলে নিবন্ধনের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাগণদের সহযোগিতা কামনা করেন। | | |
| ১০ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, আসন্ন ঈদ-উল আযহা উপলক্ষ্যে কোরবানীর পশুর হাঁটে যেন অসুস্থ রোগক্রান্ত পশু বিক্রি করা না হয় সে জন্য ভেটোনারি মেডিকেল টিম গঠন করা হয়েছে। টিম প্রতিনিয়ত পশুর হাঁটে মনিটর করা হবে।<br>লাম্পি স্কিন ডিসিস এর জন্য প্রাণি সম্পদ দপ্তরের কর্মকর্তা/কর্মচারীরা ইউনিয়ন পর্যায়ে টিকা প্রদান, ক্যাম্পেইন ও খামার পরিদর্শন চলমান রয়েছে।<br>বর্ষার কারণে যেসকল রোগ বেশী ছড়াতে পারে সে সকল রোগের ভ্যাক্সিন দেওয়ার জন্য সর্বদা মাঠে কাজ করা হচ্ছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১১ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে টিআর, কাবিখা /কাবিটা এর কাজ সম্পূর্ণ সমাপ্ত হয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৬ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, ০৪ জন সদস্যকে অস্ত্রসহ মৌলিক প্রশিক্ষণ চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | পল্লীবিদ্যুৎ সমিতি -২ | উপজেলা ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২ কানাইঘাট, সিলেট |
| ১৮ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | ...ায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, প্রশিক্ষণ - চলতি অর্থ বৎসরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৭(সাত)টি ব্যাচে মোট ২১০ জন বেকার যুবকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>যুবঋণ - চলতি অর্থ বছরে প্রশিক্ষণপ্রাপ্ত ৬০(ষাট)জন যুবকে ১৩,৭০,০০০/-(তের লক্ষ সত্তর হাজার) টাকা যুবঋণ বিতরণ করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২১ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা সভায় জানান যে, বর্তমান সময়ে কানাইঘাট বিটের মুলাগুল ক্যাম্পথীন ডাউকেরগুল ও উজান বারপেত (পশ্চিম) মৌজার বন ভূমিতে বনের জায়গায় কতিপয় ভূমি দস্যুরা রাতের আঁধারে সুকৌশলে সুবিধামতো সময়ে এসকেভেটার দিয়ে ভূমি কর্তন করে বনভূমির আকৃতি, প্রকৃতি পরিবর্তন করে ভূমি জবরদখলের অপচেষ্টায় তৎপর রয়েছে। বন ও বনভূমি রক্ষার জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>তিনি আরোও জানান যে, কানাইঘাট বিট কর্তৃক ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরে ষ্ট্রীপ বাগান ও উডলট বাগানের রোপিত চারাগুলো স্থানীয় জনগণের গবাদি পশু অবাধে বিচরণ করে বাগানগুলো নষ্ট করা হচ্ছে। তাই রোপিত চারাগুলো রক্ষার করার জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>উপজেলা বিট কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ৮ জুন ২০২৩ ইং তারিখে প্রকাশ্য নিলাম সংক্রান্ত উপজেলা কমিটির সভায় সিদ্ধান্তের প্রেক্ষিতে কানাইঘাট মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের লে-আউটে বিদ্যমান গাছগুলোর ৩৬,৭৯৩/-(ছত্রিশ হাজার সাতশত তিরানব্বই) টাকা মূল্য নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত মূল্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | কানাইঘাট মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের লে-আউটে বিদ্যমান গাছগুলো কর্তন/ অপসারণের লক্ষ্যে প্রস্তুতকৃত প্রাক্কলন (নির্ধারিত মূল্য) মোতাবেক নিলামের মাধ্যমে বিক্রয়ের প্রস্তাবটি সদয় অনুমোদনের জন্য জেলা প্রশাসক, সিলেট বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, কানাইঘাট; উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২২ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প ও হাওড় অঞ্চলে টেকসই পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরের বরাদ্দ পাওয়া গেছে। ওয়াটসন কমিটির মিটিং আহবান করে সাইটের তালিকা অনুমোদন করতে হবে। PEDP-4 প্রকল্পের আওতায় ২৫ টি বিদ্যালয় ওয়াসব্লকের কাজ চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | ... নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, গত ৭ মে ২০২৩ থেকে বোরো মৌসুমের ধান সংগ্রহ শুরু হয়েছে। অত্র উপজেলায় লক্ষ্যমাত্রা ৪৮৮ টন ইতিমধ্যে আমরা ২৯৩ মে.টন ধান সংগ্রহ করা হয়েছে। ধান সংগ্রহ কার্যক্রম আগস্ট মাস পর্যন্ত চলমান থাকবে।<br>খাদ্যবান্ধব কর্মসূচীর ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ তৈরীর ফলে বিভিন্ন কারণে কিছু উপকারভোগীর নাম পড়েছে। বাদ পড়া উপকারভোগীর স্থলে নতুন উপকাভোগীর নাম প্রদান করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে চিঠি প্রদান করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |
| ২৪ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৫ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৬ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ১৬ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০৭ টি এবং ২৪৫ টি মামলা অনিষ্পত্তি অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | (ক) সকল অনিষ্পন্ন মামলা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৭ | তথ্য অধিকার আইন,২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভুক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক অনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br>এমপিভুক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | | |
| ২৮ | ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট পেশ | সভাপতি জানান যে, প্রতি বছরের ন্যায় উপজেলা পরিষদের বাজেট পেশ করা হয়। চলতি অর্থ বছরের অর্থাৎ ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট পাঠ করে শুনানো হয়। বিস্তারিত আলোচনান্তে কোন সংশোধনী না থাকায় উপস্থাপিত বাজেট অনুমোদন করা হয় এবং তা উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করার জন্য সভায় জানানো হয়। | ২০২৩-২০২৪ অর্থ বছরের উপস্থাপিত বাজেট অনুমোদন করা হয় এবং তা উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করতে হবে। | উপজেলা পরিষদ কানাইঘাট, সিলেট |
| ২৯ | বিবিধ | সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক) উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত ও জ্বালানী ব্যয়; (খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান /ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা /ভ্রমণ ভাতা; (গ) মালি, ও পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী ও পাম্প চালকের বেতন ও ঈদ-উল আযহা উপলক্ষে উৎসব ভাতা বাবদ; (ঘ) উপজেলার পরিষদের আপ্যায়ন ও আনুষাঙ্গিক বাবদ ব্যয়; (ঙ) উপজেলা মুখ্য নির্বাহী কর্মকর্তার বাংলো অফিসে ইলেকট্রিক কাজ ও আনুষঙ্গিক মেরামত বাবদ ব্যয়; (চ) উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়ের কক্ষ মেরামতের ব্যয় বাবদ ১,৬০,০০০/-(এক লক্ষ ষাট হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আব্দুল মোমিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কানাইঘাট, সিলেট

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২.১৬৬(৩৫)

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪৩০ / ১২ জুন ২০২৩

১। মাননীয় সংসদ সদস্য, ২৩৩, সিলেট-৫ নির্বাচনী এলাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৪। জেলা প্রশাসক, সিলেট
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট

CamScanner

[illegible]

CS CamScanner

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব সুমন্ত ব্যানার্জি | উপজেলা নির্বাহী অফিসার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব লুৎফুর রহমান | মেয়র,কানাইঘাট পৌরসভা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মাওলানা আব্দুল্লাহ শাকির | ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোছাঃ খাদিজা বেগম | ভাইস চেয়ারম্যান (মহিলা) ,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ জামাল উদ্দিন | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব আব্দুল মুমিন চৌধুরী | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মো ঃ আবু তাইয়ীব | চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মো: আব্দুল মালিক চৌধুরী | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মো: আফসার উদ্দিন | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মোঃ লোকমান উদ্দিন | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব আবু বকর | চেয়ারম্যান,০৮ নংঝিংগাবাড়ী ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব শামছুল ইসলাম | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব ডাঃ তনয় কুমার বর্মন | প্রতিনিধি উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মোঃ এমদাদুল হক | উপজেলা কৃষি কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মো: সফিকুল হক ভুইয়া | উপজেলা মৎস্য কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব ডা: নবনিতা সরকার | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব গোলাম দস্তগীর | অফিসার ইনচার্জ, কানাইঘাট থানা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মো: আবু হানিফা | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব গোপাল সূত্রধর | উপজেলা শিক্ষা কর্মকর্তা(ভারপ্রাপ্ত),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মো: তারিকুল ইসলাম | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মো : জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব আব্দুল আওয়াল | প্রতিনিধি উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব মোস্তাফিদুল হক | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মো: জয়নাল ইসলাম | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব উজ্জ্বল ভট্টাচার্য্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব পনিরুজ্জামান | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব মো: সাখাওয়াত হোসেন চৌধুরী | প্রতিনিধি উপজেলা সমবায় কর্মকর্তার কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৯ | জনাব মো: এনামুল হক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩০ | জনাব মোছা: ফাহমিদা খানম | উপজেলা তথ্য আপা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩১ | জনাব মোহাম্মদ ফারুক আহমদ | ইউডিএফ উপজেলা পরিচালন উন্নয়ন প্রকল্প,কানাইঘাট,সিলেট | |

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট - খ

| ক্রমিক | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০২ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার ,কানাইঘাট,সিলেট |
| ০৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৪ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |

CamScanner